

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
হোমনা, কুমিল্লা  
www.acl.homna.comilla.gov.bd

নম্বর: ৩১.২০.১৯৫৪.০০০.০০০.৩১.০০০৪.২০২৬- ২৫২

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩  
০৫ মে ২০২৬

গণবিজ্ঞপ্তি

বিষয় : ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত

হোমনা উপজেলার সম্মানিত ভূমি মালিকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যাদের ভূমি উন্নয়ন কর বা জমির খাজনা বকেয়া রয়েছে তাদেরকে হালসন পর্যন্ত ভূমি উন্নয়ন কর পরিশোধ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় সরকারী দাবী আদায়ের স্বার্থে বকেয়া ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য সরকারী দাবী আদায় আইন ১৯১৩ এর বিধান মোতাবেক ভূমির মালিকদের বিরুদ্ধে রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করা হবে এবং যে সকল ভূমি মালিকের ০৩ (তিন) বছরের ভূমি উন্নয়ন কর বকেয়া রয়েছে তাদের সম্পত্তি রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ এর ৯২ ধারা মোতাবেক খাসকরণসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। জনস্বার্থে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।

  
(আহাম্মেদ মোফাচ্ছের)

সহকারী কমিশনার (ভূমি)  
হোমনা, কুমিল্লা

ফোন: +৮৮০-২৩৩৪৪০৬৮২১

ই-মেইল: aclhomna1@gmail.com

নম্বর: ৩১.২০.১৯৫৪.০০০.০০০.৩১.০০০৪.২০২৬- ২৫২

তারিখ: ২২ বৈশাখ ১৪৩৩  
০৫ মে ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুমিল্লা
- ২। উপজেলা নির্বাহী অফিসার ও জেনারেল সার্টিফিকেট অফিসার, হোমনা, কুমিল্লা
- ৩। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুমিল্লা
- ৪। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা [জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ৫। প্রশাসক, হোমনা পৌরসভা, হোমনা, কুমিল্লা [গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ]
- ৬। চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, হোমনা, কুমিল্লা (গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধসহ)
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী/উপ সহকারী কর্মকর্তা ..... ইউনিয়ন ভূমি অফিস, হোমনা, কুমিল্লা [গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য নির্দেশনা দেওয়া হলো]।
- ৮। অফিস কপি

  
(আহাম্মেদ মোফাচ্ছের)

সহকারী কমিশনার (ভূমি)  
হোমনা, কুমিল্লা